

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা-১২২৫
ওয়েবসাইট: www.pmo.gov.bd

বিজ্ঞপ্তি

পত্র সংখ্যা- ০৩.০৭৪.০৩৭.০০.০০.০০১.২০১৬- ৩৬

১৫ জানুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ
০২ মাঘ ১৪২৩ বঙ্গাব্দ

প্রধানমন্ত্রীর গবেষণা ও উচ্চ শিক্ষা সহায়তা তহবিল নীতিমালার আওতায় ২০১৬ সালের বৃত্তি প্রদানের উদ্দেশ্যে দেশের অভ্যন্তরে অবস্থিত বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠানসমূহে নিম্নোক্ত বিষয়ে পিএইচডি ডিগ্রী অর্জনের লক্ষ্যে বাংলাদেশের নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

- ক. অর্থনীতি/সামাজিক বিজ্ঞান;
- খ. জীব, ফার্মেসী ও চিকিৎসা বিজ্ঞান ও কমিউনিটি মেডিসিন;
- গ. ভৌত বিজ্ঞান, প্রকৌশল ও কম্পিউটার বিজ্ঞান;
- ঘ. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি।
- ঙ. খাদ্য, কৃষি ও সমুদ্র বিজ্ঞান;
- চ. কলা, মানবিক, বাণিজ্য ও আইন;
- ছ. জলবায়ু ও পরিবেশ বিজ্ঞান।

০২। পিএইচডি ডিগ্রী অর্জনের লক্ষ্যে আবেদনকারীকে শিক্ষার সকল স্তরে ১ম বিভাগ/শ্রেণীতে উত্তীর্ণ হতে হবে। আবেদনকারীকে স্ব উদ্যোগে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব নীতি ও পদ্ধতি অনুযায়ী ভর্তি হয়ে থাকতে হবে বা ভর্তির জন্য নিশ্চয়তা পত্র (Letter of Acceptance) সংগ্রহ করতে হবে। ২০১৫ সাল থেকে শুরু হয়েছে এমন কোর্সে ভর্তি হয়েছেন বা ভর্তির নিশ্চয়তা পেয়েছেন এমন পিএইচডি কোর্সের গবেষকগণই কেবল মাত্র বৃত্তির জন্য আবেদন করতে পারবেন।

০৩। সরকারি/আধাসরকারি প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের নিয়োগকারী কর্তৃপক্ষকে অবহিত রেখে আবেদন করতে হবে। প্রার্থীর বয়সসীমা অনূর্ধ্ব ৩৫ বছর তবে চাকুরীরত প্রার্থীদের বেলায় বয়স ৪৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

০৪। মোট বৃত্তির সংখ্যা ১১ (এগারো) টি। তিন বছরের জন্য নিম্নোক্ত হারে বৃত্তি প্রদান করা হবে :

- ক. ১ম বছর প্রতি মাসে ১৩,০০০.০০ টাকা;
- খ. ২য় বছর প্রতি মাসে ১৪,০০০.০০ টাকা;
- গ. ৩য় বছর প্রতি মাসে ১৫,০০০.০০ টাকা।

০৫। বিশেষ ক্ষেত্রে গবেষণার মেয়াদ সর্বোচ্চ ০৪ বছর পর্যন্ত বৃদ্ধি করা হলেও বৃত্তির মেয়াদ ০৩ বছরেই সীমাবদ্ধ থাকবে। উপাত্ত সংগ্রহ, বইপুস্তক ক্রয় ও অভিসন্দর্ভের (Thesis) মুদ্রণ/কম্পিউটার কম্পোজের জন্য প্রত্যেক গবেষককে সর্বোচ্চ এককালীন ৪০,০০০.০০ (চল্লিশ হাজার) টাকা অনুদান প্রদান করা হবে। গবেষণা তত্ত্বাবধায়ককে গবেষণা কার্য সমাপ্তির পর এককালীন সম্মানী বাবদ ৪০,০০০.০০ (চল্লিশ হাজার) টাকা প্রদান করা হবে। একাধিক তত্ত্বাবধায়কের ক্ষেত্রে এককালীন সম্মানী ভাতা ৬০:৪০ হারে ভাগ করে প্রদান করা হবে।

০৬। আবেদনপত্রের ফরম ও এতদসংক্রান্ত নীতিমালা সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, আণবিক শক্তি কমিশন, বিসিএসআইআর, বিআইডিএস, বাংলাদেশ মেডিক্যাল ও ডেন্টাল কাউন্সিল, ঢাকা প্রকৌশল বিশ্ববিদ্যালয় (DUET), চট্টগ্রাম প্রকৌশল বিশ্ববিদ্যালয় (CUET), খুলনা প্রকৌশল বিশ্ববিদ্যালয় (KUET) এবং রাজশাহী প্রকৌশল বিশ্ববিদ্যালয় (RUET) এর রেজিস্ট্রারের কার্যালয় হতে সংগ্রহ করা যাবে। এ ছাড়াও প্রধানমন্ত্রীর কার্যালয়ের ওয়েবসাইট www.pmo.gov.bd হতে আবেদনপত্রের ফরম ডাউনলোড করা যাবে।

০৭। আবেদনকারীকে সম্প্রতি তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র ও মার্কশীটসমূহের সত্যায়িত কপিসহ আবেদনপত্র রেজিস্ট্রিকৃত ডাকযোগে ০২-০৩-২০১৭ খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট পৌছাতে হবে। শিক্ষাগত যোগ্যতার মূল সার্টিফিকেট ও মার্কশীটসমূহ সাক্ষাৎকার গ্রহণকালে প্রদর্শন করতে হবে।



(ওয়াহিদা মুসারাত অনীতা)

পরিচালক

ফোনঃ ৯১১৮৭০৭

E-mail-dir7@pmo.gov.bd